

Official Spokesperson's response to media queries on the demise of Father Stan Swamy

July 06, 2021

ফাদার স্ট্যান স্বামীৰ মৃত্যু নিয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

জুলাই 06, 2021

ফাদার স্ট্যান স্বামীৰ মৃত্যু নিয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরবিন্দ বাগচী বলেনঃ

“ আমরা ফাদার স্ট্যান স্বামীৰ মৃত্যুর রিপোর্ট দেখেছি

2. যথাযথ আইনী প্রক্রিয়ার কারণে ফাদার স্ট্যান স্বামী জাতীয় তদন্ত সংস্থার দ্বারা গ্রেপ্তার ও আটক হন। তার বিরুদ্ধে সুনির্দিষ্ট চার্জ গঠন হবার কারণে আদালত তার জামিন বাতিল করেছিলেন। ভারতের কর্তৃপক্ষ আইন ভঙ্গকারীর বিরুদ্ধে সক্রিয়, আইনানুগ অধিকার অনুশীলনের বিরুদ্ধে নয়। এই ধরনের সকল কার্য কঠোরভাবে আইন অনুসারে পালিত হয়ে থাকে।

3. ফাদার স্ট্যান স্বামীৰ অসুস্থতার কারণে বম্বে হাইকোর্ট একটি বেসরকারি হাসপাতালে তার চিকিৎসা করার অনুমতি দিয়েছিলেন, যেখানে তিনি ২৮শে মে থেকে সম্ভাব্য সকল চিকিৎসা পরিষেবা পেয়ে এসেছিলেন। তার স্বাস্থ্য এবং চিকিৎসার উপরে কোর্ট নিবিড় নজর রেখেছিল। জটিল রোগভোগের কারণে তিনি ৫ই জুলাই দেহত্যাগ করেন।

4. ভারতের গণতান্ত্রিক ও সাংবিধানিক রাষ্ট্রনীতি একটি স্বাধীন বিচার বিভাগ, জাতীয় ও রাজ্য স্তরের মানবাধিকার কমিশনগুলির একটি পরিসর যা মানবাধিকার লঙ্ঘনের উপর নজর রাখে, একটি মুক্ত সংবাদ মাধ্যম এবং একটি প্রাণবন্ত এবং সোচ্চার নাগরিক সমাজ দ্বারা পরিপূরিত। ভারত তার সকল নাগরিকের মানবাধিকার রক্ষা এবং পোষণের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।“

নিউ দিল্লি

জুলাই 06,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.